

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০০৭.০৩.০০.০০৪.২০১৬-৫২

তারিখ: ১৯-০২-২০১৮ খ্রিঃ।


বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৩৫০০টি কমিউনিটি ক্লিনিকে ঔষধ সরবরাহের জন্য কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানে ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের আওতায় সরকারি প্রতিষ্ঠান এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) ঔষধ ক্রয়করণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের নং-০৪.০০.০০০০.৬১২.০৭.০২.০১.১৮-৫২, তাং-০৫-০২-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে কমিউনিটি ক্লিনিকের জন্য ঔষধ ক্রয় ও সরবরাহের প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত ০৫ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখের ৫২ সংখ্যক স্মারক এর সম্মতি মোতাবেক ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত টাকার মধ্য হতে প্রতি কার্টনে ২৭ (সাতাশ) প্রকার ঔষধ সম্বলিত ৬৯,৯৯২ (উনসত্তর হাজার নয়শত বিরানব্বই) কার্টন ঔষধ ইডিসিএল হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের নিমিত্ত প্রতি কার্টন ঔষধ ১৭,১৪৪.৫০৫ (সতের হাজার একশত চুয়াল্লিশ দশমিক পাঁচ শূন্য পাঁচ) টাকা হিসেবে সর্বমোট (৬৯,৯৯২×১৭,১৪৪.৫০৫) = ১১৯,৯৯,৭৮,১৯৩.৯৬ (একশত উনিশ কোটি নিরানব্বই লক্ষ আটাত্তর হাজার একশত তিরানব্বই দশমিক নয় ছয়) টাকার ঔষধ ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্ত:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বাজেট/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (গ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত প্রতিপালন করতে হবে;
- (ঘ) নির্ধারিত হারে মূল্য সংযোজন কর ও ভ্যাট কর্তন করতে হবে;
- (ঙ) বিল/ভাউচার দাখিলপূর্বক আর্থিক ব্যয় মঞ্জুরী গ্রহণ করতে হবে;
- (চ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করণের লক্ষ্যে প্রতি মাসের তৃতীয় সপ্তাহে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর,  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.১৬.০০.০০১.২০১৩-৫৬

তারিখ: ২২-০২-২০১৮ খ্রিঃ।

বিষয়: ন্যাশনাল আই কেয়ার (এনইসি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর আওতায় ২টি গাড়ি (কোন্স্টার বাস) ক্রয়ে সম্মতি প্রদান।


সূত্র: (১) স্মারক নং-এন,ই,সি, যন্ত্রপাতি-৪০(১০)/২০১৭-২০১৮/৭৮৮২, তাং-২২-১১-২০১৭ খ্রিঃ।

(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৫৪.২০১৭-১৮৪, তাং-১৩-০২-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার (এনইসি) এর প্রস্তাব এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে ন্যাশনাল আই কেয়ার (এনইসি) ওপির ২০১৭-২০১৮ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস) এর আওতায় ২টি গাড়ি (কোন্স্টার বাস) ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্ত:

- (ক) কোন্স্টার বাস ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর সকল সরকারি বিধিবিধান ও আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে;
- (খ) কোন্স্টার বাস ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (গ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে জমা করতে হবে।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর

ন্যাশনাল আই কেয়ার (এনইসি)

জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন

শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।